# বাগেরহাটে আইজিপির বাসভবনে চুরি



ছবি: সংগৃহীত

বাংলাদেশ পুলিশ–এর মহাপরিদর্শক মো. আলী হোসেন ফকির–এর বাগেরহাটের বাসভবনে চুরির ঘটনা ঘটেছে।

সোমবার (১৬ মার্চ) গভীর রাতে বাগেরহাট শহরের আমলাপাড়া এলাকায় অবস্থিত তিনতলা বাড়িটি লক্ষ্য করে দুর্বৃত্তরা বিদ্যুতের সার্ভিস লাইন কেটে নিয়ে যায়।

মঙ্গলবার সকালে বিষয়টি প্রকাশ্যে এলে এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয় এবং সঙ্গে সঙ্গে পুলিশকে জানানো হয়। বাহিনীর প্রধানের বাড়িতে এমন ঘটনায় জেলা পুলিশ তাৎক্ষণিকভাবে তৎপর হয়ে ওঠে।

জড়িতদের শনাক্ত ও চুরি হওয়া মালামাল উদ্ধারে একাধিক দল মাঠে কাজ শুরু করেছে। তদন্তের অংশ হিসেবে শহরের এক ভাঙারি দোকানিকে জিজ্ঞাসাবাদের জন্য আটক করা হয়েছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, চুরি হওয়া তার ভাঙারি দোকানে বিক্রির চেষ্টা হতে পারে।

পারিবারিক সূত্র জানায়, সোমবার রাতে ঝোড়ো বৃষ্টির কারণে এলাকায় বিদ্যুৎ সরবরাহ বন্ধ হয়ে যায়। অন্ধকারের সুযোগে চোরচক্র বাড়ির সীমানার ভেতরে ঢুকে পড়ে। বাড়ির চারদিকে সিসিটিভি ক্যামেরা থাকা সত্ত্বেও তারা নজর এড়িয়ে মেইন লাইন থেকে মিটার পর্যন্ত প্রায় দুই কয়েল তামার তার কেটে নেয়। চুরি হওয়া তারের আনুমানিক মূল্য প্রায় ৬০ হাজার টাকা।

জেলার পুলিশ সুপার মো. হাসান চৌধুরী বলেন, ঘটনাটি অত্যন্ত অনাকাঙ্ক্ষিত। দায়ীদের শনাক্ত করতে পুলিশ একাধিক টিম নিয়ে কাজ করছে এবং দ্রুত তাদের আইনের আওতায় আনা হবে।